

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ৪৩৮৭

আগরতলা, ২৯ ডিসেম্বর, ২০২০

**শ্রী শ্রী গৌরাজ মহাপ্রভুর ৫৩তম মহোৎসব উপলক্ষ্যে আয়োজিত রক্তদান শিবিরে মুখ্যমন্ত্রী  
জাতপাতের ভেদাভেদের উর্ধ্বে উঠে স্বেচ্ছায় রক্তদান হল মানব ধর্মের শ্রেষ্ঠ দান**



জাতপাতের ভেদাভেদের উর্ধ্বে উঠে স্বেচ্ছায় রক্তদান হল মানব ধর্মের শ্রেষ্ঠ দান। এই রক্তদানের মাধ্যমেই একে অপরের মধ্যে সৌহাদ্যপূর্ণ সম্পর্ক গড়ে উঠে। যেখানে ধর্ম-বর্ণ-জাতপাতের কোন স্থান থাকেনা। আজ মঠ চৌমুহনী বাজারে শ্রী শ্রী গৌরাজ মহাপ্রভুর ৫৩তম মহোৎসব উপলক্ষ্যে আয়োজিত রক্তদান শিবিরের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডাঃ) মানিক সাহা একথা বলেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, মানুষ মানুষেরই জন্য, তা রক্তদানের মাধ্যমেই প্রমাণিত হয়ে আসছে। চিকিৎসা বিজ্ঞানে রক্তের বিকল্প আবিষ্কৃত না হওয়ায় একজন মানুষই তার দান করা রক্তের মাধ্যমে আরেকজন মানুষের জীবন বাঁচাতে পারেন। তাই রক্তদান হলো সমস্ত দানের উর্ধ্বে। মুখ্যমন্ত্রী বলেন, মানব শরীরে রক্তের ভূমিকা অপরিহার্য।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, রক্তদানের মাধ্যমে মানুষের মধ্যে একটা আধ্যাত্মিক অনুভূতির সৃষ্টির হয় যা ভাষায় প্রকাশ করা যায়না। রক্তদাতা ও রক্তগ্রহীতার মধ্যে একটা মৈত্রীর বন্ধন তৈরী হয়। একজন ব্যক্তির দান করা রক্তের মাধ্যমে ৩-৪ জন মুমূর্ষু রোগীর প্রাণ বাঁচানো যেতে পারে। রাজ্যে গত বিধানসভা নির্বাচনের সময় সরকারি ১২টি ও বেসরকারি ২টি ব্লাড ব্যাঙ্কে রক্তের অভাব পরিলক্ষিত হয়। রক্তের এই অভাব দূর করতে নির্বাচনের পর রাজ্য সরকারের পক্ষ থেকে রাজ্যব্যাপী রক্তদান শিবির করার জন্য আহ্বান জানানো হয়। রাজ্য সরকারের এই আহ্বানে সাড়া দিয়ে বিভিন্ন সরকারি ও বেসরকারি সংস্থা, বাজার কমিটি সহ বিভিন্ন সামাজিক সংগঠন ও রাজ্যবাসী রক্তদান শিবিরের আয়োজন করছে।

মুখ্যমন্ত্রী মঠ চৌমুহনী বাজারের ব্যবসায়ীদের উদ্দেশ্যে বলেন, বাজারে আসা ক্রেতাদের সঙ্গে মধুর ও বিশ্বাসের সম্পর্ক গড়ে তোলার উপর গুরুত্ব দেওয়া প্রয়োজন। যেকোনও বাজারের ব্যবসায়ীদের আচার-আচরন সংশ্লিষ্ট বাজারের সুনাম বৃদ্ধি করে থাকে। ব্যবসায়িক কর্মকাণ্ডের পাশাপাশি রক্তদানের মতো মহৎ কাজে এগিয়ে আসার জন্য মুখ্যমন্ত্রী বাজার কমিটিকে আন্তরিক শুভেচ্ছা জ্ঞাপন করেন।

\*\*\*\*\*২য় পাতায়

(২)

অনুষ্ঠানে আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার বলেন, রক্তদান একটি মহৎ কাজ। চিকিৎসা বিজ্ঞানীরা রক্তের বিকল্প আবিষ্কার করতে পারেনি। তাই একজন মানুষের জীবন বাঁচানোর জন্য সকলকেই মানবিক দৃষ্টি নিয়ে রক্তদানে এগিয়ে আসতে হবে। তিনি বলেন, আগরতলা পুর নিগম আগরতলা শহরকে ঢেলে সাজানোর কাজ করছে। শহরের প্রধান বাজারগুলোর আধুনিকীকরণের উদ্যোগ নেওয়া হয়েছে। এর মধ্যে মঠ চৌমুহনী বাজারও রয়েছে। অনুষ্ঠানে এছাড়াও বক্তব্য রাখেন ধলেশ্বরস্থিত রামকৃষ্ণ মিশনের সহ-সম্পাদক স্বামী ভক্তি প্রভানন্দ মহারাজ, বিশিষ্ট সমাজসেবী রাজীব ভট্টাচার্য এবং মঠ চৌমুহনী বাজার কমিটির সভাপতি দিলীপ কুমার সাহা। অনুষ্ঠানের শুরুতে মুখ্যমন্ত্রী সহ অন্যান্য অতিথিগণ রক্তদান শিবির পরিদর্শন করেন এবং রক্তদাতাদের উৎসাহিত করেন।

\*\*\*\*\*